

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৬২

আগরতলা, ১৮ নভেম্বর, ২০২৪

অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তরের পর্যালোচনা সভা

অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তরের কনফারেন্স হলে আজ এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় সভাপতিত্ব করেন দপ্তরের সচিব তাপস রায়। সভায় উপস্থিত ছিলেন দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারি, দপ্তরের উপঅধিকর্তা এবং রাজ্যের ৮টি জেলার কল্যাণ আধিকারিকগণ। পর্যালোচনা সভায় রাজ্যের অন্যান্য পশ্চাদপদ শ্রেণীভুক্ত জনগোষ্ঠীর সার্বিক উন্নয়নে রাজ্যসরকার কর্তৃক গৃহিত বিভিন্ন কর্মসূচি ও পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তাছাড়াও সভায় ওবিসি কর্পোরেশনের বিভিন্ন কর্মসূচি ও কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
